অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/14/2023 **গভর্নর ক্যাথি হোকল**

অ্যামহার্স্টের বুলেভার্ড মলের রূপান্তরমূলক পুনর্নির্মাণে সহায়তার জন্য গভর্নর হোকল 31 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছেন

আবাসিক, রিটেল এবং জনসমাগম স্থান সহ একটি নতুন চলনযোগ্য, মিশ্র-ব্যবহারযোগ্য, ট্রানজিট-ভিত্তিক টাউন সেন্টারে রূপান্তর করার জন্য প্রয়োজনীয় অবকাঠামোগত কাজে তহবিল সহায়তা করে

পুনরায় তৈরি মলের রেন্ডারিং দেখুন [এখানে]

গভর্নর ক্যাথি হোকল আজ অ্যামহার্স্ট শহরকে রূপান্তরমূলক বুলেভার্ড মল পুনর্নির্মাণ প্রকল্পের নিমিত্তে অবকাঠামোগত কাজের জন্য 31 মিলিয়ন ডলার প্রদান করেছেন, যা আমহার্স্টের বর্তমানে-বিশাল-খালি বুলেভার্ড মলে নতুন প্রাণ সঞ্চার করবে। নিউ ইয়র্ক স্টেট দ্বারা সমর্থিত এই অবকাঠামোগত কাজটি মলটিকে বিভিন্ন আবাসিক এবং রিটেল অপশনগুলির মাধ্যমে একটি নতুন চলনযোগ্য, মিশ্র-ব্যবহারযোগ্য, ট্রানজিট-ভিত্তিক টাউন সেন্টারে পুনর্নির্মাণের পথ প্রশস্ত করবে এবং এতে জনসমাগমের স্পেসও অন্তর্ভুক্ত থাকবে।

"আজ বুলেভার্ড মলের জন্য একটি নতুন দিন নির্দেশ করে কারণ আমরা এটিকে একটি প্রাণবন্ত, ট্রানজিট-ভিত্তিক টাউন সেন্টারে রূপান্তরিত করার পরবর্তী পদক্ষেপ নিয়েছি," **গভর্নর হোকল বলেন।** "আমাদের বিনিয়োগের জন্য ধন্যবাদ, এই চমৎকার প্রকল্পটি ওয়েস্টার্ন নিউ ইয়র্কে আবাসন সম্ভাবনা উন্মোচন, কর্মসংস্থান সৃষ্টি এবং সুযোগ বাড়ানোর জন্য এগিয়ে চলেছে। বুলেভার্ড মলের পুনঃনির্মাণ স্থানীয় অর্থনীতিকে উৎসাহিত করে এবং আমাদের আবাসন সংকট সমাধানে সহায়তা করে এমন অনেকগুলি রূপান্তরমূলক প্রকল্পের মধ্যে একটি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান উন্নত করতে এই অব্যবহৃত বাণিজ্যিক প্রপার্টিটি পুনর্নির্মাণের এই ভিশনের জন্য আমি সুপারভাইজার কুলপা এবং আমহার্স্ট টাউনকে সাধুবাদ জানাই।"

একটি মানসম্পন্ন এবং পরিবেশগতভাবে টেকসই ডিজাইন ব্যবহার করে একটি সক্রিয় পাবলিক স্পেস সহ পুনঃনির্মাণ করা বুলেভার্ড মলের পরিকল্পনাটি হল এই অঞ্চলে একটি কমিউনিটির প্রাণ ফিরিয়ে আনা যেটি মূল পথচারী সুবিধা এনে দেয়। প্রস্তাবিত পুনঃনির্মাণে সাশ্রয়ী মূল্য, বাজার দর, শিক্ষার্থী ও সিনিয়র আবাসনের সমন্বয়ে কমপক্ষে 1,500 আবাসিক ইউনিট তৈরি করা

হবে এবং রেস্তোঁরা, রিটেল এবং উন্মুক্ত স্পেস সংযোজনের মাধ্যমে নতুন কর্মসংস্থান ও সুযোগ তৈরি করা হবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) সম্প্রতি অবকাঠামোগত কাজের জন্য 31 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল চুক্তি অনুমোদন করেছে যাতে সাইটটি ভবিষ্যতের উন্নয়নে সহায়তা করার জন্য শাবল রেডি করা যায়। অর্থায়নকরা অবকাঠামোগত কাজের আওতার মধ্যে রয়েছে বুলেভার্ড সেন্ট্রাল ডিস্ট্রিক্টে (Boulevard Central District) স্যানিটারি নর্দমা অবকাঠামোর উন্নয়নের ডিজাইন এবং নির্মাণ। একবার সম্পন্ন হয়ে গেলে, স্যানিটারি নর্দমার উন্নয়নগুলো একটি পাম্প স্টেশন এবং নতুন নর্দমা মেইন নির্মাণ সহ শহরের এই সেকশনে বিদ্যমান স্যানিটারি নর্দমা নেটওয়ার্কের মধ্যে সক্ষমতা বৃদ্ধি করবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "এই উদ্যোগটি আমহার্স্ট টাউনের মধ্যে একটি আকর্ষণীয় কমিউনিটি হিসাবে বুলেভার্ড মলকে পুনঃনির্মাণ করার আমাদের সম্মিলিত ভিশন বাস্তবায়নের আরো এক ধাপ কাছাকাছি নিয়ে এসেছে। টাউনের লিডারদের সাথে কাজ করার আমার অভিজ্ঞতা আমাকে দেখিয়েছে যে তারা এই প্রপার্টিটিকে আবাসিক, রিটেল এবং বিনোদনমূলক কার্যক্রমের জন্য একটি চমৎকার নতুন হাব হিসাবে গড়ে তোলার জন্য প্রয়োজনীয় সৃজনশীল ধারণাগুলো বাস্তবায়ন করতে প্রস্তুত এবং ইচ্ছুক।"

স্টেট সিনেটর শন রায়ান বলেন, "এটি অ্যামহার্স্ট টাউনের জন্য একটি মোড় পরিবর্তনকারী প্রকল্প এবং আমি গর্বিত যে নিউ ইয়র্ক স্টেট এটি বাস্তবায়ন করার জন্য অবকাঠামোতে বিনিয়োগ করছে। বুলেভার্ড মল পুনঃউন্নয়ন প্রকল্প আমাদের অঞ্চলের আবাসন ঘাটতি মেটাতে সাহায্য করবে যখন একটি কমিউনিটির সমাগমের স্পেসে নতুন জীবন সঞ্চার অরবে যা আমহার্স্টের ভবিষ্যতের জন্য অকুস্থল তৈরি করবে।"

অ্যাসেম্বলি মেম্বার কারেন ম্যাকমোহন বলেন, "গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের পক্ষ থেকে আমহার্স্ট টাউনের প্রতি আস্থা ও প্রতিশ্রুতির প্রদর্শনে আমি উচ্ছ্বসিত। বুলেভার্ড মল সাইটের অবকাঠামোতে 31 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ হল একটি অব্যবহৃত বাণিজ্যিক স্পেস থেকে একটি স্বাগত এবং চলনযোগ্য টাউনের কেন্দ্রে রুপান্তরটি ভবিষ্যত বিনির্মাণের চাবিকাঠি। সাশ্রয়ী মূল্যের আবাসন, রেস্তোরাঁ, রিটেল এবং বিনোদনের সুযোগের ভবিষ্যত উন্নয়নে সহায়তা করার প্রাক্কালে এই বিনিয়োগটি এই অঞ্চলে নির্মাণ শিল্পে কর্মসংস্থান সৃষ্টি করে একটি উল্লেখযোগ্য অর্থনৈতিক প্রভাব ফেলবে। আমহার্স্ট টাউনের জীবনমানের জন্য এই প্রকল্পের তাৎপর্যের স্বীকৃতির জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই।"

ইর কাউন্টির নির্বাহী মার্ক সি. পোলোনকার্জ বলেন, "বুলেভার্ড মলের পুনঃউন্নয়ন হলো একটি চমৎকার প্রকল্প যা আমহার্স্টে আবাসন, কর্মসংস্থান এবং কমিউনিটির নব চেতনা তৈরি করবে। অধিকন্তু, প্রকল্পটি বিদ্যমান অবকাঠামোকে সম্পূর্ণ নতুন ধারণায় পুনঃব্যবহার করে এবং রূপান্তরিত করে, যেটিতে পাবলিক স্পেস, রিটেল এবং আবাসনের একটি মিশ্রণ ফিচার করে যা কমিউনিটি এবং কর্ম উপযোগী। গভর্নর হোকলের বিনিয়োগ এই রূপান্তরকে উৎসাহিত করবে

এবং একটি শক্তিশালী ইর কাউন্টি গড়ে তোলার ক্ষেত্রে অংশীদার হওয়ার জন্য আমি তাকে ধন্যবাদ জানাই।"

আমহার্স্ট টাউনের সুপারভাইজার ব্রায়ান কুলপা বলেন, "নিউ ইয়র্ক স্টেটের এই বিনিয়োগ, আমহার্স্টের ট্র্যাজেক্টোরি টাউনকে পরিবর্তন করতে চলেছে যার জন্য গভর্নর হোকল এবং আইনসভায় আমাদের অংশীদারদের ধন্যবাদ৷ যথাযথ অবকাঠামো না থাকলে, শহরের বিদ্যমান সম্পদ ক্ষতিগ্রস্ত হয় এবং অর্থবহ উন্নয়ন স্থবির হয়। টাউনের ওয়েস্ট আমহার্স্ট অবকাঠামো প্রকল্পটি আমাদের একার পক্ষে সম্পন্ন করা খুব জঠিল হবে কিন্তু উইলিয়ামসভিল, স্নাইডার এবং এগারটসভিল নেবারহুডে নিষ্কাশন সমস্যাগুলো সংস্কার করতে এবং বুলেভার্ড মল সাইটটিকে তার পূর্ণ সম্ভাবনায় তৈরি করার সুযোগ দিয়ে এই অপরিহার্য বর্জ্য জল শোধন ব্যবস্থা এখন স্থাপন করা যেতে পারে এই জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। আমরা আমাদের অঞ্চলে আবাসন সংকট মোকাবেলা করছি, তবে এই জাতীয় সক্রিয় পদক্ষেপের মাধ্যমে, আমরা এই বিস্তৃত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে সমস্যাটির প্রতিকার করতে পারি যা প্রকল্পের রূপরেখায় অবস্থিত সমস্ত বাসিন্দা, শিক্ষার্থী এবং ব্যবসায়ের জন্য পরিষেবাগুলো উন্নত করতে সহায়তা করার প্রাক্কালে টাউনকে শপিং মলের পাদদেশে সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিট চালু করার সুযোগ দেয়।"

আমহার্স্ট চেম্বার অভ কমার্সের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং প্রেসিডেন্ট এ.জে. বেইনস বলেন, "গভর্নর হোকল এবং তার আইনসভার অংশীদারদের সাম্প্রতিক বিনিয়োগ আমহার্স্ট টাউনের উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণ নির্দেশ করে৷ স্থানীয় অবকাঠামো উন্নত করার মাধ্যমে, এই উদ্যোগটি শুধুমাত্র বুলেভার্ড মল সাইট এবং আশেপাশের এলাকাগুলোর পুনরুজ্জীবনের সুবিধারই নয়, বরং শহরের অন্যান্য অংশে জর্জরিত দীর্ঘস্থায়ী নিষ্কাশন সমস্যাগুলি মোকাবেলা করারও প্রতিশ্রুতি দেয়৷ এই সক্রিয় পদক্ষেপ অগ্রগতির দিকে একটি নিষ্পত্তিমূলক যাত্রার ইঙ্গিত দেয় এবং আমহার্স্ট টাউনের ভবিষ্যতের প্রবৃদ্ধি ও উন্নয়নের জন্য একটি শক্তিশালী ভিত্তি স্থাপন করে। আমি এই তহবিলের জন্য গভর্নর এবং আইনসভাকে সাধুবাদ জানাই এবং এই অত্যন্ত প্রয়োজনীয় অবকাঠামোগত উন্নয়নে তার অক্লান্ত সমর্থনের জন্য সুপারভাইজার ব্রায়ান কুলপারের প্রশংসা করি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে
এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা (www.esd.ny.gov)৷ ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ NY (I LOVE NY)" এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন